# Times Today BD

সংগীত কুমার | ক্যাম্পাস | 27 May, 2025

ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) রংপুর জেলা ছাত্র কল্যাণ সমিতির নতুন কার্যনির্বাহী কমিটি ঘোষণা করা হয়েছে। এতে সভাপতি হিসেবে দাওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগের ২০১৯-২০ শিক্ষাবর্ষের মো. মশিউর রহমান এবং সাধারণ সম্পাদক হিসেবে আরবি ভাষা ও সাহিত্য বিভাগের ২০১৯-২০ শিক্ষাবর্ষের মো. হাসিব মিয়া দায়িত্ব পেয়েছেন।

মঙ্গলবার (২৭ মে) সংগঠনটির প্যাডে সভাপতি-সাধারণ সম্পাদকের স্বাক্ষরিত বিজ্ঞপ্তির মাধ্যমে এ কমিটি ঘোষণা করা হয়।

নতুন দায়িত্ব পাওয়ার অনুভূতি জানিয়ে সাধারণ সম্পাদক হাসিব মিয়া বলেন, “শিক্ষা, সংস্কৃতি ও সহযোগিতার মাধ্যমে আমরা একটি বন্ধুত্বপূর্ণ ও কর্মমুখী পরিবেশ গড়ে তুলতে চাই।”

নির্বাচিত সভাপতি মশিউর রহমান বলেন, “এই কমিটির মাধ্যমে আমরা রংপুর জেলার শিক্ষার্থীদের কল্যাণে আরও কার্যকর উদ্যোগ গ্রহণ করবো।সবার কাছে সহযোগিতা ও দোয়া চাইছি।”

প্রসঙ্গত, ইসলামী বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন জেলা ভিত্তিক সংগঠনের মধ্যে রংপুর জেলা ছাত্র কল্যাণ সমিতি একটি অন্যতম সক্রিয় সংগঠন।এই সংগঠন দীর্ঘদিন ধরে শিক্ষার্থীদের কল্যাণে কাজ করে যাচ্ছে।

ইবি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 03:21

URL: https://www.timestodaybd.com/public/campus/9168563040